গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

## পরিপত্র

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৪ তারিখঃ ২০/১১/২০১৩খ্রিঃ

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ প্রণয়ন ও প্রকাশিত হওয়ায় এ আইনে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি সম্পর্কিত পরিপত্র।**

সম্প্রতি সরকার অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ প্রণয়ন ও জারি করেছে। বর্ণিত আইনের ২৪ ক্রমিকে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে ২৮ক ধারা সংযোজন করা হয়েছে। ২৮ক ধারায় অর্পিত সম্পত্তির বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কে সুস্পষ্টভাবে বিস্তারিত উল্লেখ রয়েছে। ২৮ক ধারার বিধানাবলী নিম্নরূপ ঃ-

"২৮ক। **'খ' তফসিল বিলুপ্তি, ইত্যাদি সম্পর্কিত বিশেষ বিধান।**-(১) অর্পিত সম্পত্তি প্রত্যর্পন (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হইবার সঙ্গে সঙ্গে অর্পিত সম্পত্তি সম্পর্কিত 'খ' তফসিল বাতিল হইবে এবং উহা এমনভাবে বাতিল হইবে যেন, উক্ত তফসিলভুক্ত সম্পত্তি কখনোই অর্পিত সম্পত্তির তালিকাভুক্ত হয় নাই।

(২) এই আইনের অধীন স্থাপিত ট্রাইব্যুনাল, আপীল ট্রাইব্যুনাল বা বিশেষ আপীল ট্রাইব্যুনাল কর্তৃক উপ-ধারা (১) এর অধীন বিলুপ্তকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে ইতোমধ্যে নিস্পত্তিকৃত যে কোন মামলার রায় বা ডিক্রী বাতিল ও অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং উক্ত ট্রাইব্যুনাল, আপীল ট্রাইব্যুনাল বা বিশেষ আপীল ট্রাইব্যুনালে বিচারাধীন উক্ত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি সম্পর্কিত সকল মামলা abate হইয়া যাইবে এবং এইরূপ abatement এর জন্য সংশ্লিষ্ট আদালত কর্তৃক আনুষ্ঠানিক আদেশ প্রদানের প্রয়োজন হইবে না।

(৩) উপ-ধারা (১) এর অধীন বাতিলকৃত 'খ' তফসিল সম্পর্কিত কোন আবেদন বা নালিশ জেলা কমিটি, বিভাগীয় কমিটি বা কেন্দ্রীয় কমিটিতে যে কোন পর্যায়েই থাকুক না কেন উহা স্বয়ংক্রিয়ভাবে বাতিল হইয়া যাইবে।

(৪) উপ-ধারা (১) এর অধীন 'খ' তফসিল বাতিল হওয়া সত্ত্বেও উক্ত তফসিলভুক্ত সম্পত্তিতে সরকার বা কোন ব্যক্তির কোন স্বত্ব বা স্বার্থ সম্পর্কে প্রচলিত আইনের অধীন প্রতিকার লাভে কোন আইনগত বাধা থাকিবে না।

(৫) ধারা ২০ক বিলুপ্ত হওয়া সত্ত্বেও উক্ত ধারার অধীন গঠিত কোন বিশেষ আপীল ট্রাইব্যুনালে 'ক' তফসিলভুক্ত সম্পত্তি সম্পর্কিত কোন মামলা বিচারাধীন থাকিলে উহা এমনভাবে চলমান থাকিবে যেন, উক্ত ট্রাইব্যুনাল বিলুপ্ত হয় নাই এবং উক্ত মামলায় প্রদত্ত ডিক্রী ধারা ২(ছ) এর উদ্দেশ্য পূরণকল্পে প্রদত্ত ডিক্রী হিসাবে গণ্য হইবে।"

২। উপরিউক্ত আইনের বিধান মোতাবেক অর্পিত সম্পত্তি সম্পর্কিত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জনস্বার্থে দ্রুত পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। এ পরিপত্র জনস্বার্থে জারি করা হলো।

**স্বাক্ষরিত/-**
**তারিখঃ ২০/১১/২০১৩খ্রিঃ**
(মোঃ ইব্রাহীম হোসেন খান)
যুগ্মসচিব (আইন)
তারিখঃ ২০/১১/২০১৩খ্রিঃ

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৪/(৬৪০)
**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ-**
১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, .......................................... (সকল)।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ..................................(তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, .................................. (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) ................................ (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সহকারী কমিশনার (ভূমি) ...................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

২০/১১/১৩
(এম এ শাহ মাহমুদুল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

## পরিপত্র

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৫ তারিখঃ ২১/১১/২০১৩খ্রিঃ

বিষয় ঃ **অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ প্রণয়ন জারি হওয়ায় বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে পরিপত্র।**

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল করায় এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সরকার জনস্বার্থে নিম্নরূপ নির্দেশনা জারি করছে ঃ-

ক) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ২৮ ধারার বিধান মতে বাতিলকৃত "খ" তফসিলভুক্ত সম্পত্তির ক্ষেত্রে যে সকল সম্পত্তির হোল্ডিং বৈধভাবে খোলা হয়েছিল এবং ভূমি উন্নয়ন কর আদায় করা হতো সে সকল সম্পত্তির ক্ষেত্রে ভূমি উন্নয়ন কর পূর্ববৎ আদায় করতে হবে ;

খ) রেজিস্ট্রীকৃত বৈধ দলিলাদি থাকার পরেও যাদের নামে হোল্ডিং খোলা হয়নি তাদের নামে হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে ;

গ) আইনানুগভাবে রেজিস্ট্রীকৃত বিনিময় দলিলের অন্তর্ভূক্ত ভূমির ক্ষেত্রে যদি পৃথক খতিয়ান খোলা না হয়ে থাকে তবে সে সব ক্ষেত্রে দলিলের সত্যতা যাচাইপূর্বক পৃথক হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর গ্রহণ করতে হবে ;

ঘ) 'খ' তালিকা গেজেটে প্রকাশিত হওয়ার পূর্বে উপযুক্ত আদালতের রায়ের প্রেক্ষিতে যে সকল সম্পত্তি অবমুক্তির আদেশ দেওয়া হয়েছে তা বাস্তবায়ন করতে হবে ;

ঙ) 'খ' তফসিলভুক্ত যে সকল সম্পত্তি ইতোমধ্যে ১/১ খতিয়ানে সরকারের নামে রেকর্ড হয়েছে তা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হওয়ার সাথে সাথে অকার্যকর বলে গণ্য হবে। তবে এরূপ সম্পত্তিতে সরকারের স্বত্ব ও স্বার্থ থাকলে কালেক্টর তা রক্ষার্থে আইনানুগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে ;

চ) বাতিলকৃত 'খ' তালিকাভুক্ত যে সব সম্পত্তির ভোগদখলকারী তাদের মালিকানার সমর্থনে পরিপত্র জারির তারিখ থেকে এক বছরের মধ্যে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে ব্যর্থ হবে সে সব সম্পত্তি জমিদারী অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারামতে খাস ঘোষণা করতে হবে।

ছ) ভূমি উন্নয়ন কর আদায়ের ক্ষেত্রে বকেয়াসহ হালসন পর্যন্ত কর আদায় করতে হবে।

২। উপরিউক্ত নির্দেশনা মোতাবেক জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে এ পরিপত্র জারি করা হলো।

**স্বাক্ষরিত/-**
তারিখঃ ২১/১১/২০১৩খ্রিঃ
(মোঃ ইব্রাহীম হোসেন খান)
যুগ্মসচিব (আইন)
তারিখঃ ২১/১১/২০১৩খ্রিঃ

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৫/(৬৪০)

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল ঃ-**

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ........................................... (সকল)।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ................................(তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, .................................. (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) .............................. (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১০। সহকারী কমিশনার (ভূমি) .............................. (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

২১/১১/১৩
(এম এ শাহ মাহমুদুল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৩৪.২০১৩-০২ তারিখঃ ০১/০১/২০১৪খ্রিঃ

বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ মোতাবেক বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ মোতাবেক বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য উক্ত আইনের সংশ্লিষ্ট ধারা উল্লেখপূর্বক ২০/১১/১৩ খ্রিঃ তারিখে একটি পরিপত্র জারি করা হয়। পরবর্তীতে সংশ্লিষ্ট কার্যক্রম দ্রুত সম্পাদনের লক্ষ্যে জনস্বার্থে ২১/১১/১৩ খ্রিঃ তারিখে আরেকটি পরিপত্র জারি করা হয়। পরিপত্র দু'টি সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, সহকারী কমিশনার (ভূমি) সহ সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য পরিপত্র দু'টি এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হয়েছে। এর লক্ষ্য ছিল বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ স্বল্পতম সময়ে সুফল পাবেন। কিন্তু বিভিন্ন স্থান থেকে এ মন্ত্রণালয়ের গোচরে আনা হচ্ছে যে, মন্ত্রণালয় থেকে ইস্যুকৃত পরিপত্রের বিষয়ে মাঠ পর্যায়ে যথাযথভাবে কার্যক্রম গ্রহণ করা হচ্ছে না। কোন কোন ক্ষেত্রে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে ভূমির মালিকানা দাবিদার/মালিকগণ অযথা হয়রানির শিকার হচ্ছেন মর্মেও অভিযোগ পাওয়া যাচ্ছে, যা মোটেই কাম্য নয়।

২। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে মন্ত্রণালয় থেকে জারিকৃত পরিপত্রের আলোকে প্রকৃত ভূমি মালিকগণ যাতে দ্রুত সুফল পান এবং কোন ক্রমেই তারা যেন অহেতুক হয়রানির শিকার না হন, সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। জেলা প্রশাসক এর সভাপতিত্বে সংশ্লিষ্ট জেলার সহকারী কমিশনার (ভূমি)গণের সমন্বয়ে বিশেষ সভা আহবানের মাধ্যমে বিষয়টি নিষ্পত্তির লক্ষ্যে অব্যাহতভাবে মনিটরিং করার জন্যও অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

স্বাক্ষরিত/-
তারিখঃ ০১/০১/২০১৪ খ্রিঃ
(মোঃ ইব্রাহীম হোসেন খান)
যুগ্মসচিব (আইন)
ফোনঃ ৯৫৪০০৩২

জেলা প্রশাসক,

...................................... সকল (তিন পার্বত্য জেলা ব্যতীত)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৩৪.২০১৩-০২/৬১(১২) তারিখঃ ০১/০১/২০১৪খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ-
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি কার্যার্থে ঃ-

১। বিভাগীয় কমিশনার, ........................................... (সকল)।

২। প্রোগ্রামার, আই,টি সেল, ভূমি মন্ত্রণালয় (পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০১/০১/২০১৪
(এম এ শাহ মাইমুদুল হাসান)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

পরিপত্র

নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৪২ তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২১ বাং
২২ মে, ২০১৪ খ্রিঃ

বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কিত নির্দেশনা।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জারিকৃত ২১.১১.২০১৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৫ .৫৩.০৬৫.১২-৬১৫ নং পরিপত্র বাতিলক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো ঃ-

(ক) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ধারা ২৪ অনুযায়ী অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এ সন্নিবেশিত ২৮ক ধারার বিধান মতে বাতিলকৃত "খ" তফসিলভুক্ত সম্পত্তির মধ্যে যে সকল সম্পত্তির হোল্ডিং বৈধভাবে খোলা হয়েছিলো এবং ভূমি উন্নয়ন কর আদায় করা হতো সে সকল সম্পত্তির ভূমি উন্নয়ন কর পূর্ববৎ আদায় করতে হবে ;

(খ) রেজিস্ট্রিকৃত বৈধ দলিলাদি থাকার পরেও যাদের নামে হোল্ডিং খোলা হয়নি তাদের নামে হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে ;

(গ) আইনানুগভাবে রেজিস্ট্রিকৃত বিনিময় দলিলের অন্তর্ভুক্ত ভূমির ক্ষেত্রে যদি পৃথক খতিয়ান খোলা না হয়ে থাকে তবে সে সব ক্ষেত্রে দলিলের সত্যতা যাচাইপূর্বক পৃথক হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর গ্রহণ করতে হবে ;

(ঘ) 'খ' তালিকা গেজেটে প্রকাশিত হওয়ার পূর্বে উপযুক্ত আদালতের রায়ের প্রেক্ষিতে যে সকল সম্পত্তি অবমুক্তির আদেশ দেওয়া হয়েছে তা বাস্তবায়ন করতে হবে ;

(ঙ) 'খ' তফসিলভুক্ত যে সকল সম্পত্তি ১/১ খতিয়ানে অথবা অর্পিত সম্পত্তি হিসেবে অন্য কোন খতিয়ানে (যেমন ব্যক্তির নামীয় খতিয়ানে হাল সাং ভারত ইত্যাকারে) রেকর্ড হয়েছে তা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত খতিয়ান বৈধ দাবিদারের নামে সংশোধন করার জন্য রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১৪৩ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

(চ) ভূমি উন্নয়ন কর আদায়ের ক্ষেত্রে বকেয়াসহ হালসন পর্যন্ত আদায় করতে হবে ;

(ছ) বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত যে সব সম্পত্তির ভোগদখলকারী তাদের মালিকানার সমর্থনে এ পরিপত্র জারির ০১(এক) বছরের মধ্যে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে ব্যর্থ হবেন, সেসব সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মতে খাস ঘোষণা করতে হবে;

(জ) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ রাজস্ব সম্মেলনে এ পরিপত্রে বর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা পূর্বক ভূমি মন্ত্রণালয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবেন।

২। উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখঃ ২২/০৫/২০১৪ খ্রিঃ
(মোঃ ইব্রাহীম হোসেন খান)
অতিরিক্ত সচিব (আইন)
ফোনঃ ৯৫৪০০৩২

D:\Office Work\Letter_2013-14.doc

নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৪২/( ১২৩৫)

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ, ১৪২১ বাং
২২ মে, ২০১৪ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ........................................ (সকল)।
৫। জেলা প্রশাসক, ................................(তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা)।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ...................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা)।
১০। সহকারি কমিশনার (ভূমি), ...................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল জেলা)।
১১। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ।)

২২/০৫/২০১৪

(মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

# পরিপত্র

নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখঃ ৩০ আষাঢ়, ১৪২১ বাং
১৪ জুলাই, ২০১৪ খ্রিঃ

বিষয়ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কিত নির্দেশনা।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে জারিকৃত ২১.১১.২০১৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৫ ও ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৪২ নং পরিপত্র বাতিলক্রমে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো ঃ-

(ক) অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর ধারা ২৪ অনুযায়ী অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এ সন্নিবেশিত ২৮ক ধারার বিধান মতে বাতিলকৃত "খ" তফসিলভুক্ত সম্পত্তির মধ্যে যে সকল সম্পত্তির হোল্ডিং বৈধভাবে খোলা হয়েছিলো এবং ভূমি উন্নয়ন কর আদায় করা হতো সে সকল সম্পত্তির ভূমি উন্নয়ন কর পূর্ববৎ আদায় করতে হবে ;

(খ) রেজিস্ট্রিকৃত বৈধ দলিলাদি থাকার পরেও যাদের নামে হোল্ডিং খোলা হয়নি তাদের নামে হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর আদায় করতে হবে ;

(গ) আইনানুগভাবে রেজিস্ট্রিকৃত বিনিময় দলিলের অন্তর্ভুক্ত ভূমির ক্ষেত্রে যদি পৃথক খতিয়ান খোলা না হয়ে থাকে তবে সে সব ক্ষেত্রে দলিলের সত্যতা যাচাইপূর্বক পৃথক হোল্ডিং খুলে ভূমি উন্নয়ন কর গ্রহণ করতে হবে ;

(ঘ) 'খ' তালিকা গেজেটে প্রকাশিত হওয়ার পূর্বে উপযুক্ত আদালতের রায়ের প্রেক্ষিতে যে সকল সম্পত্তি অবমুক্তির আদেশ দেওয়া হয়েছে তা বাস্তবায়ন করতে হবে ;

(ঙ) 'খ' তফসিলভুক্ত যে সকল সম্পত্তি ১/১ খতিয়ানে অথবা অর্পিত সম্পত্তি হিসেবে অন্য কোন খতিয়ানে (যেমন ব্যক্তির নামীয় খতিয়ানে হাল সাং ভারত ইত্যাকারে) রেকর্ড হয়েছে তা অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ কার্যকর হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে এবং উক্ত খতিয়ান বৈধ দাবিদারের নামে সংশোধন করার জন্য রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ১৪৩ ও ১৪৪ ধারা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে ;

(চ) ভূমি উন্নয়ন কর আদায়ের ক্ষেত্রে বকেয়াসহ হালসন পর্যন্ত আদায় করতে হবে ;

(ছ) বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত যে সব সম্পত্তির ভোগদখলকারী তাদের মালিকানার সমর্থনে এ পরিপত্র জারির ০১(এক) বছরের মধ্যে বৈধ প্রমাণপত্র বা দলিলাদি উপস্থাপনে ব্যর্থ হবেন, সেসব সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মতে খাস ঘোষণা করতে হবে;

(জ) জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনারগণ রাজস্ব সম্মেলনে এ পরিপত্রে বর্ণিত কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা পূর্বক ভূমি মন্ত্রণালয়ে নিয়মিত প্রতিবেদন প্রেরণ করবেন।

২। উপরিউক্ত নির্দেশনা অনুযায়ী জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

৩। জনস্বার্থে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
তারিখঃ ১৪/০৭/২০১৪খ্রিঃ
(এস, এম, মনিরুল ইসলাম)
যুগ্ম-সচিব (আইন)
ফোনঃ ৯৫৪০০৩২

নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪/( ১২৩৫)

তারিখঃ ৩০ আষাঢ়, ১৪২১ বাং
১৪ জুলাই, ২০১৪ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪। কমিশনার, ................................বিভাগ ................................ (সকল)।

৫। জেলা প্রশাসক, ............................................(তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, ................................................(সকল)।

৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।

১০। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। উপজেলা নির্বাহী অফিসার, ............................................................ (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

১২। সহকারি কমিশনার (ভূমি), ............................................................ (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

১৩। সহকারী সেটেলমেন্ট অফিসার, ...................................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

১৪। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পরিপত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ।)

১৪/০৭/২০১৪

(মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখঃ ২৩ আষাঢ়, ১৪২২ বাংলা / ০৭ জুলাই, ২০১৫ খ্রিঃ

বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ।

সূত্র ঃ ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের জন্য সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রে আবেদন দাখিল করার সময়সীমা নির্ধারণ করা হয়েছিল ১৩/০৭/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত। জনস্বার্থে উক্ত সময়সীমা বর্ধিত করে আবেদন দাখিল করার শেষ সময় ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ নির্ধারণ করা হলো।

২। সর্বসাধারণের অবগতির জন্য বিষয়টি ব্যাপক প্রচারের জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ করা হলো।

স্বাঃ—
(মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী )
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২/(১০০) তারিখঃ ২৩ আষাঢ়, ১৪২২ বাংলা / ০৭ জুলাই, ২০১৪ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। কমিশনার, ................................... বিভাগ ................................. (সকল)।
৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ............................................(তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, .........................................................(সকল)।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১১। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

07/07/2015
(মোহাম্মদ হাবিবুল কবির চৌধুরী)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২১ তারিখ : ২৪ পৌষ, ১৪২২ বাংলা
০৭ জানুয়ারি, ২০১৬খ্রি.

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪ খ্রি.
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখ: ০৭/০৭/২০১৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের জন্য ১নং সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রে বর্ণিত আবেদন দাখিল করার সময়সীমা পরবর্তীতে ২নং সূত্রোক্ত স্মারকে ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হয়েছিল। জনস্বার্থে উক্ত সময়সীমা বর্ধিত করে আগামী ৩১/০৩/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হলো।

২। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের আবেদন দাখিলের সময়সীমা বৃদ্ধির বিষয়টি জেলা প্রশাসকগণ ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি)গণ উক্ত পুন:নির্ধারিত সময়সীমার মধ্যেই এ সংক্রান্ত পুঞ্জীভুত সকল সমস্যা/ বিষয় দ্রুত সমাধান নিশ্চিত করবেন।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব (ব্যাচ ৭, আইডি ৪৮৭২)
ফোনঃ ৯৫৪০১৬৮

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)- ২১(১৫০) তারিখ : ২৪ পৌষ, ১৪২২ বাংলা
০৭ জানুয়ারি, ২০১৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-**

১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। কমিশনার, ............................................... বিভাগ (সকল)।
৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ..................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, ................................................ (সকল)।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-১২২ তারিখঃ ১৪ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০১৬ খ্রি.

বিষয় ঃ **অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪ খ্রি.
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখ: ০৭/০৭/২০১৫ খ্রি.
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২১ তারিখ: ০৭/০১/২০১৬ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের জন্য ১নং সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রে বর্ণিত আবেদন দাখিল করার সময়সীমা পরবর্তীতে ২নং সূত্রোক্ত স্মারকে ৩১/১২/২০১৫ খ্রিঃ তারিখ পর্যন্ত এবং তৎপরবর্তীতে ৩নং সূত্রোক্ত স্মারকে ৩১/০৩/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হয়েছিল। জনস্বার্থে উক্ত সময়সীমা বর্ধিত করে আগামী ৩০/০৬/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হলো।

২। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের আবেদন দাখিলের সময়সীমা বৃদ্ধির বিষয়টি জেলা প্রশাসকগণ ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি)গণ উক্ত পুন:নির্ধারিত সময়সীমার মধ্যেই এ সংক্রান্ত পুঞ্জীভূত সকল সমস্যা/বিষয় দ্রুত সমাধান নিশ্চিত করবেন।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)- ১২২(১৫০) তারিখ : ১৪ চৈত্র, ১৪২২ বঙ্গাব্দ
২৮ মার্চ, ২০১৬ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-**

১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৪। কমিশনার, .................................................. বিভাগ (সকল)।
৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
৬। জেলা প্রশাসক, ...................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, .................................................. (সকল)।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।)

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৫০ তারিখঃ ২৮ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
১২ জুলাই, ২০১৬ খ্রিঃ

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির দাবীদারগণের আবেদন দাখিলের সময়সীমা বর্ধিতকরণ।**

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪।
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখ: ০৭/০৭/২০১৫।
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-০২১ তারিখ: ০৭/০১/২০১৬।
(৪) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-১২২ তারিখ: ২৮/০৩/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ায় উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের জন্য ১নং সূত্রোক্ত স্মারকে জারিকৃত পরিপত্রে বর্ণিত আবেদন দাখিল করার সময়সীমা পরবর্তীতে ২নং, ৩নং ও ৪নং সূত্রোক্ত স্মারকে যথাক্রমে ৩১/১২/২০১৫, ৩১/০৩/২০১৬ এবং ৩০/০৬/২০১৬ পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল। জনস্বার্থে উক্ত সময়সীমা বর্ধিত করে আগামী ৩০/০৯/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত পুন:নির্ধারণ করা হলো।

২। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের আবেদন দাখিলের সময়সীমা বৃদ্ধির বিষয়টি জেলা প্রশাসকগণ ব্যাপক প্রচারের মাধ্যমে জনগণকে অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন।

৩। জেলা প্রশাসক ও সহকারী কমিশনার (ভূমি)গণ উক্ত পুন:নির্ধারিত সময়সীমার মধ্যেই এ সংক্রান্ত পুঞ্জীভুত সকল সমস্যা/ বিষয় দ্রুত সমাধান নিশ্চিত করবেন।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)- ২৫০(১৫০) তারিখঃ ২৮ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ
১২ জুলাই, ২০১৬ খ্রিঃ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-**

০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৪। কমিশনার, ............................................... বিভাগ (সকল)।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
০৬। জেলা প্রশাসক, ..................................... (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।
০৭। জোনাল সেটেলমেন্ট অফিসার, ................................................ (সকল)।
০৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। মাননীয় সভাপতির একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
১১। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। জনসংযোগ কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সকল প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ায় সংবাদ হিসেবে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭ তারিখঃ ০৮/০১/২০১৭।

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ অনুযায়ী বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তি প্রসংগে।**

সূত্র ঃ
(১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৪ তারিখ: ২০/১১/২০১৩।
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২-৬১৫ তারিখ: ২১/১১/২০১৩।
(৩) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৪২ তারিখ: ২২/০৫/২০১৪।
(৪) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪।
(৫) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৯২ তারিখ: ০৭/০৭/২০১৫।
(৬) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-০২১ তারিখ: ০৭/০১/২০১৬।
(৭) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-১২২ তারিখ: ২৮/০৩/২০১৬।
(৮) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-২৫০ তারিখ: ১২/০৭/২০১৬।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ার পর ১নং সূত্রোক্ত পরিপত্র মূলে উক্ত আইনগত বিধান মোতাবেক জনস্বার্থে দ্রুত আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়, যা এখনো কার্যকর রয়েছে। এতদসংক্রান্ত বিষয়ে করণীয় সুস্পষ্ট করার নিমিত্ত ২নং ও ৩নং সূত্রোক্ত পরিপত্র মূলে কতিপয় নির্দেশনা জারি করা হয়; যা পরবর্তীতে বাতিল করতঃ ৪নং সূত্রোক্ত পরিপত্র জারি করা হয়। বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধনের নিমিত্ত উক্ত পরিপত্রের ব্যাখ্যানুসারে আবেদন দাখিলের সময়সীমা ১৩/০৭/২০১৫ তারিখ নির্ধারিত থাকার প্রেক্ষাপটে পরবর্তীতে তা ৫নং, ৬নং ও ৭নং সূত্রোক্ত স্মারকাদিমূলে বিভিন্ন মেয়াদে এবং সর্বশেষ ৮নং সূত্রোক্ত স্মারক মূলে ৩০/০৯/২০১৬ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। উক্ত নির্ধারিত সময়সীমা ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে। এর ফলে মাঠ পর্যায়ে ক্ষেত্রেভেদে করণীয় বিষয়ে সিদ্ধান্তহীন অচলাবস্থা সৃষ্ট হয়েছে মর্মে ভূমি মন্ত্রণালয় অবহিত হয়েছে।

অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ধারা ২৮ক এর উপধারা (১) মূলে বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তিতে উপধারা (৪) অনুযায়ী সরকার বা কোন ব্যক্তির স্বত্ত্ব বা স্বার্থ সম্পর্কে প্রচলিত আইনের অধীন প্রতিকার লাভে কোন আইনগত বাধা থাকবে না মর্মে সুস্পষ্ট বিধান রয়েছে। উক্ত আইনের বিধানে সরকার বা ব্যক্তির স্বত্ত্ব বা স্বার্থ অনুযায়ী প্রতিকারে কোন সময়সীমা নির্ধারণ করা হয়নি।

এই পরিপ্রেক্ষিতে, সময়সীমা সংক্রান্ত বিষয়ে অচলাবস্থার সৃষ্টি না করে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ধারা ২৮ক এর উপধারা-(৪) এর বিধান অনুযায়ী সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ত্ব বা স্বার্থ সংরক্ষণে প্রচলিত আইন অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৮/০১/১৭

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,
.............................. (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

**দৃঃআঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭(১০০) তারিখঃ ০৮/০১/২০১৭।

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ**

০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৪। কমিশনার, ............................................... বিভাগ (সকল)।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
০৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, ............................................... (সকল)।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮/০১/১৭

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
(আইন অধিশাখা-৪)
www.minland.gov.bd

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৮৭ তারিখঃ ২২/০৩/২০১৭।

**বিষয় ঃ অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ জারি হওয়ার পর বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির বিষয়ে করণীয় সম্পর্কিত নির্দেশনা।**

সূত্র ঃ (১) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখ: ১৪/০৭/২০১৪।
(২) ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭ তারিখঃ ০৮/০১/২০১৭।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ এর মাধ্যমে 'খ' তফসিল বাতিল হওয়ার পর উক্ত বাতিলকৃত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির নামজারি, রেকর্ড সংশোধন ও ভূমি উন্নয়ন কর আদায় সহ প্রাসঙ্গিক ব্যবস্থাপনা বিষয়ে ১নং সূত্রোক্ত স্মারক মূলে পরিপত্র জারি করা হয়; যা এখনো বহাল ও কার্যকর রয়েছে। পরবর্তীতে এ পরিপত্রে উল্লিখিত সময়সীমা বিষয়ে অচলাবস্থার সৃষ্টি না করে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইনের ধারা ২৮ক এর (৪) উপধারা অনুযায়ী সরকার বা ব্যক্তির আইনানুগ প্রাপ্য স্বত্ত্ব বা স্বার্থ সংরক্ষণে প্রচলিত আইন অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপর্যুক্ত ২নং সুত্রোক্ত স্মারকমূলে নির্দেশনা দেয়া হয়।

এই প্রেক্ষিতে এ মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬৫.১২(অংশ)-৩৩৪ তারিখঃ ১৪/০৭/২০১৪ মূলে জারিকৃত পরিপত্রটির সাথে পরবর্তীতে স্মারক নং-৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-০৭ তারিখঃ ০৮/০১/২০১৭ মূলে জারিকৃত নির্দেশনা সমন্বয় করে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব
ফোনঃ ৯৫৪০১৬৮

জেলা প্রশাসক,

................................ (তিন পার্বত্য জেলা ব্যতীত সকল)।

দৃঃআঃ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

স্মারক নং- ৩১.০০.০০০০.০৪৫.৫৩.০৬০.১৬-৮৭(১০০) তারিখঃ ২২/০৩/২০১৭।

**সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ**

০১। চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
০২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।
০৩। মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
০৪। কমিশনার, ........................................ বিভাগ (সকল)।
০৫। পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, নীলক্ষেত, ঢাকা।
০৬। জোনাল সেটেলমেন্ট অফিসার, ..................................... (সকল)।
০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ কামরুল হাসান ফেরদৌস)
উপসচিব